
দূষিত বাতাসের শহর তালিকায় ফের শীর্ষে ঢাকা
বিস্তারিত...


শ্রমিকদের কাফালা ব্যবস্থা বাতিল করছে সৌদি আরব
বিস্তারিত...


ইউসিবি'র কদমতলী শাখায় চুরি
বিস্তারিত...

রবিবার, ৯ই ফেব্রুয়ারি, ২০২০ ইং
twitter linkedin rss
খোঁজ করুন...
আজকের খবর

অর্থসূচক
দেশের প্রথম অনলাইন বিজনেস নিউজ পোর্টাল
www.arthosuchak.com







প্রচ্ছদ জাতীয় পুঁজিবাজার টেক আন্তর্জাতিক বিনোদন লাইফস্টাইল খেলাধুলা ভ্যাট কর্নার প্রাইস সেনসিটিভ মিউচুয়াল ফান্ড এনএভি আরও

প্রচ্ছদ » App Home Page

# জনগণকে জনসম্পদে রূপান্তরিত করে দেশকে এগিয়ে নিতে হবে: শিক্ষামন্ত্রী

নৌশিন আহম্মেদ মনিরা । ৬ ফেব্রুয়ারি, ২০২০ ৮:৪৭ অপরাহ্ন

Print






শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, আমাদের জনগণকে জনসম্পদে রূপান্তরিত করে দেশকে এগিয়ে নিতে হবে। আমরা শেখ হাসিনার নেতৃত্বে ক্ষুধামুক্ত বাংলাদেশ গড়ে তুলছি। এখন দারিদ্র্যকে জয় করতে হবে। এর জন্য দরকার শিক্ষা। দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানকে আমরা আন্তর্জাতিক মানে উন্নীত করতে কাজ করে যাচ্ছি।




আজ (৬ ফেব্রুয়ারি) ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) ৬ষ্ঠ সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের মাদানি অ্যাভিনিউ ক্যাম্পাসে সভাপতির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেন, বেশ ধারাবাহিক সফলতার সঙ্গে কাজ করে যাচ্ছে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি। বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে তাদের সফলতাই তার প্রমাণ। গবেষণা খাতেও তাদের ভালো অর্থ বরাদ্দ রয়েছে। শিক্ষার্থীদের কল্যাণমুখী ও প্রায়োগিক গবেষণা করতে উৎসাহী করতে হবে, যেন দেশ গঠনে তারা ভূমিকা পালন করতে পারে।












বিশ্ববিদ্যালয়ের আচার্য ও রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের পক্ষে তার প্রতিনিধি হিসেবে শিক্ষামন্ত্রী সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। এ সময় বক্তা হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. গওহর রিজভী।




ড. গওহর রিজভী বলেন, যেকোনো পরিস্থিতি এবং কাজের জন্য শিক্ষার্থীদের মনকে প্রস্তুত করে দেবে বিশ্ববিদ্যালয়। এখান থেকে শিক্ষার্থীরা বিশ্লেষণী ক্ষমতা অর্জন করবে। যদি শিক্ষার্থীরা এটা অর্জন করতে পারে তাহলে সে সবকিছুই শিখতে পারবে। প্রতিদিন খবরের কাগজে দেখতে হয় যে, পেশাগত দক্ষতা সম্পন্ন গ্র্যাজুয়েট বিশ্ববিদ্যালয় দিতে পারছে না। এর কারণ হচ্ছে সবাই বিশ্ববিদ্যালয়ের কাছে কিছু চায় এবং প্রত্যেকের চাওয়া ভিন্ন। কিন্তু সবাইকে চাকরির জন্য প্রশিক্ষণ দেওয়া বিশ্ববিদ্যালয়ের কাজ না। বিশ্ববিদ্যালয় সেভাবে ডিজাইন করা না।

তিনি আরও বলেন, বিশ্ববিদ্যালয়ের দুইটি প্রধান কাজের একটি হচ্ছে শিক্ষার্থীদের মনকে প্রশিক্ষণ দেওয়া। দিন দিন নতুন নতুন জ্ঞান আসছে। সেই সঙ্গে আজকের জ্ঞান আগামীকাল পুরোনো হয়ে যাচ্ছে। শিক্ষার্থীরা যেন নতুন নতুন জিনিস শিখতে পারে তার জন্য শিক্ষকদের গবেষণার প্রতি আরও জোর দেওয়ার আহ্বান জানান তিনি।



অনুষ্ঠানে ইউআইইউ'র ভিসি অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান বলেন, উচ্চশিক্ষাকে সাধারণ শিক্ষার্থীদের কাছে সহজ করতে আমরা কাজ করছি। এখানে ২০ শতাংশ শিক্ষার্থীর জন্য বৃত্তি থাকে, যা দেশে প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে সর্বোচ্চ।

এছাড়া বিশ্ববিদ্যালয়টির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান হাসান মাহমুদ রাজা এবং ভাইস চ্যান্সেলর (ভিসি) অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান বক্তব্য দেন। অনুষ্ঠানে ২ হাজার ৩৫২ জন শিক্ষার্থীকে গ্র্যাজুয়েশন ও পোস্ট গ্র্যাজুয়েশন ডিগ্রি এবং কৃতিত্বপূর্ণ ফলের জন্য চারজন শিক্ষার্থীকে স্বর্ণপদক দেওয়া হয়।

ছবি: মেহেদী হাছান রানা

অর্থসূচক/এনএম/এএইচআর

বি.
LOADIN

## এই বিভাগের আরো সংবাদ

দূষিত বাতাসের শহর তালিকায় ফের শীর্ষে ঢাকা
সূচক পতনে লেনদেন
দাবানলে ক্ষতিগ্রস্তদের সাহায্যের ম্যাচে কিংবদন্তিদের ঝড় ব্যাটিং
তসরিফা ইন্ডাস্ট্রিজ হল্টেড
লোহা গলানোর সময় ৭ শ্রমিক দগ্ধ
বৃষ্টি শঙ্কায় বাংলাদেশ-ভারত ফাইনাল
বাংলাদেশের প্রথম নাকি ভারতের পঞ্চম?
ইস্টার্ণ কেবলসের ক্যাটাগরি পরিবর্তন
অনুমোদিত মূলধন বাড়াবে সিঙ্গারবিডি





অর্থসূচক
www.arthosuchak.com
শেয়ার বাজারের সব নিউজ সরাসরি আপনার ইমেইলে পেতে আপনার ইমেইল লিখে সাবস্ক্রাইব করুন

Like 54 Share 54 টুইট Print

Artho Suchak
629,694 likes

Like Page Send Message

56 friends like this




সম্পর্কিত সর্বশেষ পঠিত আলোচিত

ভুল প্রশ্নে পরীক্ষা দেওয়া শিক্ষার্থীরা ক্ষতিগ্রস্ত হবে না: শিক্ষামন্ত্রী



প্রশ্ন ফাঁসের সুযোগ নেই: শিক্ষামন্ত্রী



প্রশ্নফাঁসের গুজবে কান দেবেন না: শিক্ষামন্ত্রী



রাজাকারের নামযুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের সিদ্ধান্ত



শিক্ষা প্রতিষ্ঠানে গণতন্ত্রের চর্চা হচ্ছে: শিক্ষামন্ত্রী



ট্যাগঃ ইউআইইউ, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, শিক্ষামন্ত্রী

**0 Comments** Sort by Oldest

Add a comment...

Facebook Comments Plugin

ঢাকা সিটি নির্বাচন ১ ফেব্রুয়ারি

সড়ক দুর্ঘটনায় দুই মেয়েসহ বাংলাদেশ ব্যাংক কর্মকর্তার করুণ মৃত্যু

পুঁজিবাজার ও বেসরকারি খাতে ঋণ বাড়াতে কেন্দ্রীয় ব্যাংকের নতুন সিদ্ধান্ত









সম্পাদক: জিয়াউর রহমান, ব্যবস্থাপনা সম্পাদক: কামরুন নাহার শরমিন
যোগাযোগ: পল্টন টাওয়ার (৯ম তলা), ৮৭, পুরানা পল্টন লেন, কালভার্ট রোড, ঢাকা-১০০০
ফোনঃ ০১৭২১ ৬৭৫৮৭৮
ই-মেইল: arthosuchak@gmail.com

বিজ্ঞাপনের জন্য যোগাযোগঃ
ইমেইল: ads.arthosuchak@gmail.com
মোবাইল: ০১৮১৯ ৭৪০৬৭৪
নিউজের জন্যঃ news.arthosuchak@gmail.com